

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩২৪৬

১১. কিতাবুয যাকাত (خلاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি পেছনে গুপ্তধন রেখে মারা যায়, কিয়ামতের দিন তার কী শাস্তি হবে তার বিবরণ

ذِكْرُ وَصَفِ عُقُوبَةِ مَنْ خَلَّفَ كَنْزًا فِي القيامة

## আরবী

3246 \_ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّقَنَا أُمَيَّةُ بْنُ بِسْطَامٍ قَالَ: حَدَّقَنَا يَزِيدُ بْنُ رَبْعِ قَالَ: حَدَّقَنَا سَعِيدُ بْنُ أَبِي عَرُوبَةَ عَنْ قَادَةَ عَنْ سَالِم بْنِ أَبِي الْجَعْدِ عَنْ مَعْدَانَ بْنِ أَبِي طَلْحَةَ: عَنْ تَوْبَانَ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قال: (مَنْ تَرَكَ بَعْدَهُ كَنْزًا مُثِلًا لَهُ شُجَاعًا أَقْرَعَ يَوْمَ الْقِيَامَةِ لَهُ زَبِيبَتَانِ يَتْبَعُهُ فَيَقُولُ: مَنْ أَنْتَ؟ فَيَقُولُ: أَنَا كَنْزُكَ مُثِلًا لَهُ شُجَاعًا أَقْرَعَ يَوْمَ الْقِيَامَةِ لَهُ زَبِيبَتَانِ يَتْبَعُهُ فَيَقُولُ: مَنْ أَنْتَ؟ فَيَقُولُ: أَنَا كَنْزُكَ مُثِلًا لَهُ شُجَاعًا أَقْرَعَ يَوْمَ الْقِيَامَةِ لَهُ زَبِيبَتَانِ يَتْبَعُهُ فَيَقُولُ: مَنْ أَنْتَ؟ فَيَقُولُ: أَنَا كَنْزُكَ اللّذِي خَلَقْتَ بَعْدَكَ فَلَا يَزَالُ يَتْبَعُهُ حَتَّى يُلقمه يَدَهُ فيقضمها ثم يتبعه سائر جسده) اللّذِي خَلَقْتَ بَعْدَكَ فَلَا يَزَالُ يَتْبَعُهُ حَتَّى يُلقمه يَدَهُ فيقضمها ثم يتبعه سائر جسده) الراوي : ثَوْبَانِ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: \$246 ا خلاصة حكم المحدث: صحيح — ((التعليق الرغيب)) (1/

## বাংলা

৩২৪৬. সাওবান রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি তার পরে গুপ্তধন রেখে যায়, সেগুলোকে কিয়ামতের দিন টাকবিশিষ্ট্য বিশাল বিষাক্ত সাপে রুপ দেওয়া হবে, যার চোখে থাকবে, দুটি কালো দাগ। সে তার মালিকের পিছু নিবে। তার মালিক বলবে, "তুমি কে?" সে জবাবে বলবে, "আমি তোমার গুপ্তধন, যা তুমি তোমার পিছনে রেখে এসেছিলে!" অতঃপর সেটা তাকে ধাওয়া করতেই থাকবে এক পর্যায়ে সে তার হাত সাপের মুখে দিবে অতঃপর সাপ তা গ্রাস করবে তারপর ক্রমান্বয়ে তার পুরো শরীর গ্রাস করবে।"[1]

## ফুটনোট

[1] আবূ নুআইম, হিলইয়াতুল আওলিয়া: ১/১৮১; তাবারানী: ১৪০৮; হাকিম: ১/৩৮৮-৩৮৯; বাযযার: ৮৮২;



হাইসামী, মাজমাউয যাওয়াইদ: ৩/৬৪।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২৬৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সাওবান (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন